


উচ্চশিক্ষা

বিশ্ব শিক্ষক দিবস আজ

বিশেষ প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৫ অক্টোবর ২০২৫, ১০: ২৬



প্রতি বছরের মতো এবারও ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস উদ্যাপিত হবে বাংলাদেশসহ বিশ্বের শতাধিক দেশে।

মানুষ গড়ার কারিগর শিক্ষকদের সম্মান জানাতে আজ রোববার সারা বিশ্বে পালিত হচ্ছে বিশ্ব শিক্ষক দিবস।

অন্যান্য দেশের মতো বাংলাদেশেও যথাযথ মর্যাদায় দিবসটি পালিত হচ্ছে। তবে বাংলাদেশে এমন সময়ে দিবসটি পালিত হচ্ছে, যখন বিভিন্ন পর্যায়ের শিক্ষকেরা আর্থিক ও মর্যাদার দাবিতে নানা রকমের আন্দোলন করছেন।

এ বছর দিবসটির প্রতিপাদ্য ‘শিক্ষকতা পেশা: মিলিত প্রচেষ্টার দীপ্তি’। এ উপলক্ষে আজ এক অনুষ্ঠানের আয়োজন করেছে শিক্ষা মন্ত্রণালয়। রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এ অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক চৌধুরী রফিকুল আবরার (সিআর আবরার)।

এদিকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দিবসটি উপলক্ষে বাংলাদেশ কলেজশিক্ষক সমিতি (বাকশিস) ও অধ্যক্ষ পরিষদের উদ্যোগে গতকাল শনিবার রাজধানীর মগবাজার এলাকায় দৈনিক শিক্ষা ডটকম পত্রিকার সম্মেলনকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্যে সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এহচানুল হক মিলন বলেন, যেহেতু আদর্শ শিক্ষকেরা সমাজের শ্রেষ্ঠ সন্তান, তাই তাঁদের প্রাপ্ত মর্যাদা ও অধিকার নিশ্চিত করতে হবে।

আলোচনা সভায় মুখ্য আলোচকের বক্তব্য দেন অধ্যক্ষ পরিষদের সভাপতি মোহাম্মদ মায়হারুল হান্নান। সভায় সভাপতিত্ব করেন কলেজশিক্ষক সমিতির সভাপতি ইসহাক হোসেন।

